

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.১৫. ৩২৭৭

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩১
০৮ ডিসেম্বর ২০২৪

বিষয়: ডিসেম্বর ২০২৪ - ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

General Condition (সাধারণ অবস্থা):

- গত ডিসেম্বর ২০২৩ ও জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে, জুন, জুলাই, আগস্ট, অক্টোবর, নভেম্বর ২০২৪ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে -২.৪ ও +৩.৭, -১২.৬, -০.৩, -৬.৩, -৩.১, -৯.৫, +৭.৮, -১.০, +৪.২, +৬.৫ (Bureau of Meteorology, Australia)।
- নভেম্বর ২০২৪ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৮.৫.৯%) বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের প্রভাবে ৪, ৫, ৬, ৭ ও ১০ নভেম্বর ২০২৪ এবং ঘূর্ণিঝড় ফিনজাল এর প্রভাবে ২৯ ও ৩০ নভেম্বর ২০২৪ দেশের কোথাও কোথাও বৃষ্টি হয়। এ মাসের দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ৩৬ মি.মি. নারায়নগঞ্জ (০৫ নভেম্বর ২০২৪) রেকর্ড করা হয়। ২৩ নভেম্বর ২০২৪ দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় একটি লঘুচাপ সৃষ্টি হয়। ২৪ নভেম্বর ২০২৪ এটি ঘনীভূত হয়ে দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বিশ্বীয় ভারত মহাসাগর এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ২৫ নভেম্বর ২০২৪ সুস্পষ্ট লঘুচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও আরো ঘনীভূত হয়ে দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় নিম্নচাপে পরিণত হয়। দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৬ নভেম্বর ২০২৪ দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে এবং পরবর্তীতে নিম্নচাপটি আরো পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে একই এলাকায় গভীর নিম্নচাপে পরিণত হয়। দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে ২৯ নভেম্বর ২০২৪ ঘূর্ণিঝড় “ফিনজাল” এ পরিণত হয়। দক্ষিণপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় “ফিনজাল” ০১ ডিসেম্বর ২০২৪ পশ্চিম-দক্ষিণপশ্চিম দিকে অগ্রসর ও দুর্বল হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয়ে উত্তর তামিলনাড়ু ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করে। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫.০°সে. (ফেনী ০১ নভেম্বর ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.৩°সে. এবং ০.৭°সে. বেশি এবং সারাদেশে গড় তাপমাত্রা ১.০°সে. বেশি ছিল। তাপ প্রবাহ, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা নভেম্বর ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।
- প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা’র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক ডিসেম্বর ২০২৪ - ফেব্রুয়ারি ২০২৫ এর পূর্বাভাস নিয়ে প্রদত্ত হলো:

বিভাগ	ডিসেম্বর ২০২৪		জানুয়ারি ২০২৫		ফেব্রুয়ারি ২০২৫		ডিসেম্বর ২০২৪ খ্রি: মাসে মাটির আর্দ্রতা (০৫-৫০ সে.মি. পর্যন্ত)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	১০	০৮-১২	০৯	০৮-১০	৩১	৩০-৩৫	৩০-৪০
ময়মনসিংহ	১০	০৮-১২	১০	০৯-১০	২২	২০-২৫	৩০-৪০
চট্টগ্রাম	০৯	০৭-১১	০৭	০৬-০৭	২৪	২০-২৫	৩০-৪০
সিলেট	১০	০৮-১২	০৭	০৬-০৭	৩৪	৩০-৪০	৩০-৪০
রাজশাহী	১১	০৮-১৩	০৯	০৮-১০	১৮	২০-২৫	২৫-৩৫
রংপুর	৮	৬-১০	১১	১০-১১	১০	১৫-২০	২৫-৩৫
খুলনা	১০	০৮-১২	১৪	১২-১৩	৩৩	৩০-৩৫	২৫-৩৫
বরিশাল	০৯	০৭-১১	৯	০৭-০৮	২৭	২৫-৩০	৩০-৪০

- সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- দিন ও রাতের তাপমাত্রা ক্রমাগত হ্রাস পেতে পারে তবে দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।
- দেশে ৩-৮ টি মৃদু (০৮-১০)°সে. থেকে মাঝারি (০৬-০৮)°সে. ধরনের শৈত্য প্রবাহ বয়ে যেতে পারে তবে এর মধ্যে উত্তরপশ্চিমাঞ্চল, উত্তরপূর্বাঞ্চল ও মধ্যাঞ্চলে ০৩-০৪ টি তীব্র শৈত্য প্রবাহে (০৪-০৬)°সে. রূপ নিতে পারে।
- শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের উত্তর, উত্তরপশ্চিমাঞ্চল, মধ্যাঞ্চল ও নদ-নদী অববাহিকায় মাঝারি/ ঘন কুয়াশা এবং অন্যত্র হালকা/ মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। তবে কখনও কখনও উত্তরাঞ্চল, উত্তরপশ্চিমাঞ্চল ও উত্তরপূর্বাঞ্চলে কুয়াশা দুপুর পর্যন্ত স্থায়ী হতে পারে এবং শীতের অনুভূতি বৃদ্ধি পেতে পারে।
- ফেব্রুয়ারি মাসের শেষার্ধ্বে দেশের কোথাও কোথাও ১-২ দিন শিলাবৃষ্টিসহ বজ্রঝড় হতে পারে।

৪/২২/২৪

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮ ০২ ৪১০২৫৭০৫ (অফিস)

মাননীয় উপদেষ্টা
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্সঃ ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৩৫০০২১।
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, ফ্যাক্সঃ ২২৩৩৮৬৫৫৯।
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, ফ্যাক্সঃ ৫৮১৫০০২০।
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ২২৩৩৫২২১।
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫০৪০০।
- সিনিয়র সচিব, বানিজ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৭৪১।
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৫৮১৫২৫০০।
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৪৫৪০৫।
- সচিব, কৃষি মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫৭৬৫৬৫।
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, ফ্যাক্সঃ ৯৫১৪৬৭৮।